**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

**(শুল্ক)**

প্রজ্ঞাপন

ঢাকা, ১১-১১-১৪০৬ বঙ্গাব্দ, ২৩-০২-২০০০ খ্রীষ্টাব্দ।

**নং এস,আর,ও ৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক।–** Customs Act, 1969 (IV of 1969) section 219, section 25(2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।–** (১) এই বিধিমালা শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ২৪শে ফেব্রুয়ারী, ২০০০ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।–** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "অবরোহী মূল্য (deductive value)" অর্থ বিধি ৭ এর বিধান অনুসারে নির্ধারিত মূল্য;

(খ) "অভিন্ন পণ্য (identical goods)" অর্থ এইরূপ আমদানিকৃত পণ্য, যাহা–

(অ) মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্যের দৈহিক বৈশিষ্ট্য, মান ও খ্যাতিসহ সর্বক্ষেত্রে, পণ্যের মূল্য প্রভাবিত করে না এইরূপ বাহ্যিক সামান্য পার্থক্য ব্যতীত, একইরূপ; এবং

(আ) মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য যে দেশে উৎপাদিত, সেই দেশে উৎপাদিত;

(গ) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969);

*["(গগ) "একই সময় বা প্রায় একই সময়" অর্থ মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য আমদানির সময়ের (time of importation) নব্বই দিন পূর্ব পর্যন্ত সময়,"];

(ঘ) "পরস্পর সম্পর্কযুক্ত (related)" অর্থ, শুধুমাত্র সেই সকল ব্যক্তি যাহারা–

(অ) একজন অন্যজনের ব্যবসায়ের কর্মকর্তা বা পরিচালক;

(আ) আইনগতভাবে স্বীকৃত একই ব্যবসায়ের অংশীদার;

(ই) একজন নিয়োগকারী এবং অন্যজন কর্মকর্তা বা কর্মচারী;

(ঈ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একজন অন্যজনের ব্যবসা প্রতিষ্ঠানের ৫% বা ততোধিক অংশের মালিক;

(উ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একজন অন্যজনকে নিয়ন্ত্রণ করেন;

(ঊ) উভয়েই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন তৃতীয় ব্যক্তি দ্বারা নিয়ন্ত্রিত হন;

(ঋ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন তৃতীয় ব্যক্তিকে যৌথভাবে নিয়ন্ত্রণ করেন;

(এ) একজন অন্যজনের ব্যবসায়ের একমাত্র এজেন্ট (sole agent) বা একমাত্র পরিবেশক (sole distributor) বা একমাত্র কনসেশনভোগী (sole concessionarie); অথবা

(ঐ) একই পরিবারের সদস্য;

ব্যাখ্যা ২। - এই দফার উদ্দেশ্যে "পরিবার" অর্থ স্বামী বা স্ত্রী, সন্তান (সৎ সন্তান ও দত্তক/পালক সন্তান সহ) এবং সন্তানের স্বামী বা স্ত্রী;

(ঙ) "বিনিময় মূল্য (transaction value)" অর্থ বিধি ৪ এর বিধান অনুসারে নির্ধারিত মূল্য;

(চ) "বোর্ড" অর্থ The National Board of Revenue Order, 1972 (P.o. No. 76 of 1972) এর অধীনে গঠিত National Board of Revenue;

(ছ) "সমজাতীয় বা সমশ্রেণীর পণ্য" অর্থ আমদানিকৃত একই শ্রেণীভুক্ত এইরূপ পণ্য যাহা বিশেষ শিল্প বা শিল্পখাতে উৎপাদিত এবং অভিন্ন পণ্য ও সমতুল্য পণ্যও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "সমতুল্য পণ্য (similar goods)" অর্থ এইরূপ আমদানিকৃত পণ্য, যাহা–

(অ) সর্বক্ষেত্রে মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্যের একইরূপ নহে, কিন্তু যাহার বৈশিষ্ট্য এবং উপাদান একইরূপ এবং যাহা একইরূপ কার্য সম্পাদন করিতে সক্ষম এবং বাণিজ্যিকভাবে মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্যের সহিত ট্রেডমার্ক, গুণাগুণ এবং পণ্যের খ্যাতির ভিত্তিতে বিনিময়যোগ্য; এবং

(আ) মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য যে দেশে উৎপাদিত, সেই দেশে উৎপাদিত;

(ঝ) "হিসাবকৃত মূল্য (computed value)" অর্থ বিধি ৮ এর বিধান অনুসারে নির্ধারিত পণ্যের মূল্য;

৩। **মূল্যায়নের পদ্ধতি**।– এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে,-

(ক) আমদানিকৃত পণ্যের মূল্য উহার বিনিময় মূল্য (transaction value) হইবে;

(খ) যদি দফা (ক) এর বিধান অনুসারে কোন আমদানিকৃত পণ্যের মুল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে ক্রমানুসারে বিধি ৫, ৬, ৭, ৮ বা ৯ এর বিধান অনুযায়ী উহার মূল্য নির্ধারণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট আমদানিকারকের আবেদনক্রমে এবং শুল্ক কমিশনার (Commissioner of Customs) এর অনুমোদনক্রমে বিধি ৭ ও ৮ এর বিধান, বিপরীত ক্রম (reverse sequence) অনুসারে প্রয়োগ করা যাইবে।

৪। **বিনিময় মূল্য (transaction value)**।– (১) বাংলাদেশে রপ্তানির উদ্দেশ্যে বিক্রীত কোন পণ্যের প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্য, বিধি ১০ এর বিধান অনুসারে সমন্বয় এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত পণ্যের বিনিময় মূল্য (transaction value) হইবে, যথা –

(ক) ক্রেতা কর্তৃক উক্ত পণ্য হস্তান্তর বা ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বাধা ব্যতীত অন্য কোন বাধা থাকিবে না, যথা ঃ-

(অ) আপাততঃ বলবৎ কোন আইন বা কোন সরকারী কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত কোন বাধা;

(আ) উক্ত পণ্যের পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে ভৌগোলিক এলাকা সীমিতকরণ সংক্রান্ত কোন বাধা; অথবা

(ই) উক্ত পণ্যের প্রকৃত মূল্য প্রভাবিত করে না এমন কোন বাধা;

(খ) উক্ত পণ্যের বিক্রয় বা মূল্য নির্ধারণ এমন কোন শর্ত বা পণ সাপেক্ষ নহে যাহার কারণে উক্ত পণ্যের মূল্য নির্ধারণ সম্ভব নহে;

(গ) বিধি ১০ এর বিধান অনুসারে যথাযথ সমন্বয় সাধন ব্যতীত, ক্রেতা কর্তৃক উক্ত পণ্যের পরবর্তী পুনঃ বিক্রয়, হস্তান্তর বা ব্যবহারের ফলে অর্জিত আয়ের কোন অংশ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রেতার প্রাপ্য হইবে না;

(ঘ) ক্রেতা এবং বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত (related) নহেন।

(২) যে ক্ষেত্রে ক্রেতা এবং বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত সেইক্ষেত্রে আমদানীকৃত পণ্যের বিনিময় মূল্য গ্রহণ করা হইবে যদি-

(ক) পারিপার্শ্বিক বিষয়াদি পরীক্ষায় ইহা সন্তোষজনকভাবে প্রমাণিত হয় যে, উক্ত সম্পর্কের কারণে উক্ত পণ্যের মূল্য প্রভাবিত হয় নাই, তবে প্রাপ্ত তথ্যের আলোকে যদি সহকারী কমিশনার পদমর্যদার নিম্নে নহেন এইরূপ শুল্ক কর্মকর্তার কাছে প্রতীয়মান হয় যে, উক্ত সম্পর্কের কারণে মূল্য প্রভাবিত হইয়াছে তাহা হইলে উহার কারণ আমদানিকারককে লিখিতভাবে জানাইয়া তাহাকে জবাব দানের যুক্তি সংগত সুযোগ প্রদান করিয়া বিষয়টি নিস্পত্তি করিতে হইবে।

(খ) আমদানিকারক প্রদর্শন করিতে সক্ষম হন যে, উক্ত পণ্যের ঘোষিত মূল্য সমসাময়িক অথবা প্রায় সমসাময়িক সময়ে নির্ধারিত নিম্নবর্ণিত যে কোন মূল্যের প্রায় কাছাকাছি বা সমান, যথা ঃ–

(অ) ক্রেতা ও বিক্রেতা পারস্পরিক সম্পর্কযুক্ত নহেন এইরূপ বাংলাদেশের কোন ক্রেতার নিকট বিক্রীত অভিন্ন বা সমতুল্য পণ্যের বিনিময় মূল্য (transaction value);

(আ) অভিন্ন বা সমতুল্য পণ্যের অবরোহী মূল্য (deductive value); অথবা

(ই) অভিন্ন বা সমতুল্য পণ্যের হিসাবকৃত মূল্য (computed value):

তবে শর্ত থাকে যে তুলনার উদ্দেশ্যে গৃহীত মূল্যের ক্ষেত্রে, বাণিজ্যিক স্তর, পরিমাণ স্তর, বিধি ১০ এর বিধান অনুসারে সমন্বয় এবং ক্রেতা ও বিক্রেতা সম্পর্কযুক্ত নহেন এইরূপ বিক্রেতার বিক্রয়ের খরচ এর লক্ষ্যনীয় পার্থক্য যথাযথ বিবেচনায় আনা হইবে;

*[(গ) দফা (খ) এর অধীন কোন প্রতিস্থাপিত মূল্য নির্ধারণ (establish) করা যাইবে না।”];

৫। **অভিন্ন পণ্যের (identical goods) বিনিময় মূল্য।**– (১) বিধি-৪ এর বিধান অনুসারে যদি কোন আমদানীকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে একই সময়ে অথবা প্রায় একই সময়ে বাংলাদেশে আমদানিকৃত অভিন্ন পণ্যের বিনিময় মূল্য উক্ত আমদানিকৃত পণ্যের মূল্য হইবে;

(২) উপ-বিধি (১) এর অধীন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের উদ্দেশ্যে অভিন্ন পণ্যের একই বাণিজ্যিক পর্যায়ে এবং প্রায় সমপরিমাণ পণ্য বিক্রয়ের বিনিময় মূল্যকে ব্যবহার করা হইবে।

*["(২ক) উপ-বিধি (২) এ উল্লিখিত অভিন্ন পণ্য যেইরূপে বিক্রয়ের উল্লেখ রহিয়াছে সেইরূপ বিক্রয়ের অবর্তমানে, ভিন্ন বাণিজ্যিক পর্যায়ে এবং ভিন্ন পরিমানে উক্ত অভিন্ন পণ্যের বিক্রয়জনিত পার্থক্য সমূহকে সমন্বয়পূর্বক নির্ধারিত বিনিময় মূল্যই আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্য হিসাবে নির্ধারণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপে সমন্বয়ের ফলে মূল্যের হ্রাস বা বৃদ্ধি যাহাই ঘটুক না কেন, প্রমাণিত তথ্যের ভিত্তিতে এইরূপ সমন্বয় করিতে হইবে, যাহাতে সুস্পষ্টভাবে উহার নির্ভুলতা ও যৌক্তিকতা প্রতিষ্ঠা পায়।";]

(৩) দূরত্ব এবং পরিবহণ মাধ্যমের ভিন্নতার কারণে যদি অভিন্ন পণ্য এবং আমদানিকৃত পণ্যের খরচ ও ব্যয়ের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্যপরিলক্ষিত হয় তাহা হইলে অভিন্ন পণ্যের বিনিময় মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত সকল ব্যয় বিধি ১০ এর উপ-বিধি (২) এ বর্ণিত অন্যান্য ব্যয়ের সহিত যথাযথ সমন্বয় সাধন করিতে হইবে।

(৪) এই বিধির অধীন অভিন্ন পণ্যের একাধিক বিনিময় মূল্য পাওয়া গেলে উহাদের মধ্যে সর্বাপেক্ষা কম বিনিময় মূল্যের ভিত্তিতে আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে।

৬। **সমতুল্য পণ্যের (similar goods) বিনিময় মূল্য**।–(১) বিধি ৪ ও ৫ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে একই সময়ে অথবা প্রায় একই সময়ে বাংলাদেশে আমদানিকৃত সমতুল্য পণ্যের বিনিময় মূল্য উক্ত আমদানিকৃত পণ্যের মূল্য হইবে।

(২) বিধি ৫ এর উপ-বিধি (২), (৩) ও (৪) এর বিধানসমূহ সমতুল্য পণ্যের (similar goods) ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৭। **অবরোহী মূল্য (deductive value)**|– (১) বিধি ৪, ৫ ও ৬ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে একই সময় অথবা প্রায় একই সময়ে আমদানিকৃত *["পণ্য অথবা অভিন্ন পণ্য অথবা সমতুল্য পণ্য যে অবস্থায় আমদানি করা হইয়াছে সেই অবস্থায় ক্রেতা ও বিক্রেতা পারস্পারিক সম্পর্কযুক্ত নহেন এইরূপ ক্রেতার নিকট সর্বোচ্চ পরিমাণ যে একক"] মূল্যে বিক্রয় করা হইয়াছে সেই মূল্য হইতে নিম্নবর্ণিত ব্যয় বাদ দিয়া উক্ত আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে, যথা ঃ

(ক) আমদানিকৃত অন্য পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য বাংলাদেশে বিক্রয়ের সহিত সংশ্লিষ্ট কমিশন, মুনাফা এবং অন্যান্য সাধারণ ব্যয়;

(খ) বাংলাদেশের অভ্যন্তরে উক্ত পণ্য পরিবহণের জন্য পরিবহন, বীমা এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়; এবং

*(খখ) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ১০(খ) এ উল্লিখিত ব্যয় ও সেবা;

(গ) উক্ত পণ্য আমদানির ক্ষেত্রে বাংলাদেশে আমদানি ও বিক্রয়ের জন্য প্রযোজ্য শুল্ক, কর ও অন্যান্য চার্জ।

(২) যে আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে সেই পণ্য আমদানির সময় অথবা উহার কাছাকাছি সময়ে যদি উপ-বিধি (১) এ বর্ণিত আমদানিকৃত পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য বিক্রয় না হইয়া থাকে তাহা হইলে মূল্য নির্ধারণের প্রক্রিয়াধীন পণ্য আমদানির পর সর্বাগ্রে কিন্তু

নব্বই দিন অতিবাহিত হওয়ার পূর্বে বাংলাদেশে আমদানিকৃত পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য যে মূল্যে বিক্রয় হইবে সেই মূল্যের ভিত্তিতে উপ-বিধি (১) এ বর্ণিত শর্তানুযায়ী মূল্য নির্ধারণ করা হইবে।

(৩) যদি আমদানিকৃত পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য যে অবস্থায় আমদানি করা হইয়াছে সেই অবস্থায় বিক্রয় না হইয়া থাকে তাহা হইলে উক্ত পণ্য আমদানির পরবর্তীতে প্রক্রিয়াকরণের পরে বাংলাদেশে যে ইউনিট মূল্যে সর্বোচ্চ পরিমাণ বিক্রয় করা হইবে সেই মূল্য হইতে প্রক্রিয়াকরণের জন্য যে পরিমাণ মূল্য সংযোজন ঘটিয়াছে সেই পরিমাণ মূল্য বাদ দিয়া উপ-বিধি (১) এ বর্ণিত শর্তানুযায়ী উহার মূল্য নির্ধারণ করা হইবে।

৮। **হিসাবকৃত মূল্য (computed value)|–** বিধি ৪, ৫, ৬ ও ৭ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে নিম্ন বর্ণিত ব্যয়ের সমষ্টি উক্ত পণ্যের মূল্য হইবে যাহা হিসাবকৃত মূল্য বলিয়া অভিহিত হইবে, যথা ঃ-

(ক) আমদানিকৃত পণ্যের উৎপাদন ব্যয় অথবা উৎপাদনের উপকরণের মূল্য এবং উক্ত পণ্য প্রস্তুতে প্রয়োজনীয় প্রক্রিয়াকরণ এবং অন্যান্য ব্যয়;

(খ) মূল্য নির্ধারণের প্রক্রিয়াধীন পণ্যের রপ্তানীকারক দেশে বাংলাদেশে রপ্তানির জন্য প্রস্তুতকৃত পণ্যের সমজাতীয় বা সমশ্রেণীর পণ্য বিক্রয়ে সাধারণভাবে প্রতিফলিত মুনাফার পরিমাণ ও সাধারণ ব্যয়ের সমপরিমাণ অর্থ; এবং

(গ) বিধি ১০ এর উপ-বিধি (২) এ বর্ণিত ব্যয়।

৯। **অন্যান্য পদ্ধতি।–** (১) বিধি ৪, ৫, ৬, ৭ ও ৮ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় *[তাহা হইলে এই বিধিমালার অন্যান্য] বিধানের সহিত সংগতিপূর্ণ অন্য কোন যুক্তিসঙ্গত পদ্ধতি এবং সংশ্লিষ্ট পণ্যের মূল্য সংক্রান্ত যে তথ্য বাংলাদেশে পাওয়া যাইবে উহার ভিত্তিতে উক্ত আমদানি পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে।

ব্যাখ্যা।– এই উপ-ধারায় “মূল্য সংক্রান্ত তথ্য” বলিতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূল্য সংক্রান্ত নিরপেক্ষ প্রকাশনা, খ্যাতিসম্পন্ন প্রস্তুতকারকের মুদ্রিত মূল্য তালিকা এবং ইন্টারনেটে প্রচারিত নির্ভরযোগ্য মূল্য সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত হইবে।

(২) এই আইনে যাহাকিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত যে কোন বিষয়ের ভিত্তিতে কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা যাইবে না, যথাঃ–

(ক) বাংলাদেশে উৎপাদিত পণ্যের বাংলাদেশে বিক্রয় মূল্য;

(খ) মূল্য নির্ধারণের উদ্দেশ্যে দুইটি বিকল্প মূল্যের মধ্যে সর্বোচ্চ মূল্য;

(গ) রপ্তানিকারক দেশের স্থানীয় বাজারে বিরাজমান মূল্য;

(ঘ) বিধি ৮ এর বিধান অনুসারে নির্ধারিত অভিন্ন বা সমতুল্য পণ্যের হিসাবকৃত মূল্য ব্যতীত অন্য কোন উৎপাদন ব্যয়;

(ঙ) বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে যে মূল্যে কোন পণ্য রপ্তানি করা হয় সেই মূল্য;

(চ) ন্যূনতম শুল্ক মূল্য;

*[৫(ছ) ইচ্ছামাফিক (arbitrary) বা কাল্পনিক (fictitious) মূল্য।”

(৩) কোন আমদানিকারক লিখিতভাবে অনুরোধ করিলে এই বিধির অধীন যে পদ্ধতিতে আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা হইয়াছে সেই পদ্ধতি সম্পর্কে তাহাকে লিখিতভাবে জানাইতে হইবে।

১০। **ব্যয় এবং সেবা (costs and services)।–** (১) বিনিময় মূল্য নির্ধারণের উদ্দেশ্যে, আমদানিকৃত পণ্যের প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের সহিত নিম্নবর্ণিত ব্যয় ও সেবা যোগ হইবে, যথা ঃ–

(ক) নিম্নবর্ণিত ব্যয় ও সেবার যে পরিমাণ ক্রেতা বহন করিয়াছে কিন্তু আমদানিকৃত পণ্যের প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই, যথা ঃ–

(অ) ক্রয় কমিশন (buying commission) ব্যতীত অন্যান্য কমিশন ও দালালি (brokerage);

(আ) আমদানিকৃত পণ্য যে পাত্র বা আধারে শুল্কায়নের জন্য উপস্থাপিত হয় সেই পাত্র বা আধার সম্পর্কিত ব্যয়; এবং

(ই) মোড়ক করার ব্যয় (cost of packing), শ্রম বা উপকরণ যে জন্যই হউক না কেন;

(খ) আমদানিকৃত পণ্য রপ্তানির উদ্দেশ্যে উৎপাদন ও বিক্রয়ের ক্ষেত্রে ব্যবহারের জন্য ক্রেতা কর্তৃক বিনামূল্যে বা হ্রাসকৃতমূল্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সরবরাহকৃত নিম্নবর্ণিত পণ্য ও সেবার মূল্যের যে পরিমাণ প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই, যথা ঃ-

(অ) আমদানিকৃত পণ্যে সন্নিবেশিত উপকরণ, উপাদান, অংশ ও অনুরূপ কোন দ্রব্য;

(আ) আমদানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত যন্তপাতি, ডাইস, মোল্ড ও অনুরূপ কোন দ্রব্য;

(ই) আমদানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ; এবং

(ঈ) আমদানিকৃত পণ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় এবং বাংলাদেশের বাহিরে সম্পাদিত প্রকৌশল কার্য, উন্নয়ন কার্য, শিল্পকর্ম, নক্সা, পরিকল্পনা ও স্কেচ।

(গ) আমদানিকৃত পণ্য বিক্রয়ের শর্ত হিসাবে যে রয়্যালটি এবং লাইসেন্স ফি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত পণ্যের ক্রেতাকে পরিশোধ করিতে হয় উহার যে পরিমাণ প্রকৃত পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই;

(ঘ) আমদানিকৃত পণ্যের পরবর্তী পুনঃবিক্রয়, হস্তান্তর বা ব্যবহার হইতে লব্ধ আয়ের কোন অংশ যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রেতা কর্তৃক অর্জিত হয়;

(ঙ) আমদানিকৃত পণ্য বিক্রয়ের শর্ত হিসাবে ক্রেতা কর্তৃক বিক্রেতাকে অথবা, বিক্রেতার দায়-দায়িত্ব পূরণের উদ্দেশ্যে ক্রেতা কর্তৃক কোন তৃতীয় পক্ষকে প্রকৃত প্রদত্ত বা প্রদেয় অন্য কোন অর্থের যে পরিমাণ প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই।

(২) *[“আমদানিকৃত কোন পণ্যের মূল্য হইবে আইনের section 25 এর sub-section (1) এ বর্ণিত”] আমদানির সময় এবং স্থানে সরবরাহের জন্য উক্ত পণ্যের মূল্য এবং নিম্নবর্ণিত ব্যয়ও উহার অন্তর্ভুক্ত হইবে যথাঃ-

(ক) আমদানির স্থানে আমদানিকৃত পণ্য পরিবহণের ব্যয়;

(খ) আমদানির স্থানে আমদানিকৃত পণ্য সরবরাহের সহিত সংশ্লিষ্ট পণ্য বোঝাইকরণ, অবতরণ এবং হ্যান্ডলিং ব্যয়; এবং

(গ) বীমা ব্যয় ঃ

তবে শর্ত থাকে যে,–

(অ) দফা (ক) তে বর্ণিত পরিবহণ ব্যয় আমদানিকৃত পণ্যের এফ ও বি মূল্যের ২০ শতাংশের অধিক হইবে না এবং যদি উক্ত দফায় বর্ণিত পরিবহণ ব্যয় নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে আমদানিকৃত পণ্যের এফ ও বি মূল্যের ২০ শতাংশ উক্ত পরিবহণ ব্যয় বলিয়া নির্ধারিত হইবে;

(আ) দফা (খ) তে বর্ণিত ব্যয়সমূহ নির্ধারণের উদ্দেশ্যে আমদানিকৃত পণ্যের এফ ও বি মূল্যের ১(এক) শতাংশের সহিত দফা (ক) এবং দফা (গ) তে বর্ণিত পরিবহণ ব্যয় ও বীমা ব্যয় যোগ করিতে হইবে; এবং

(ই) যদি দফা (গ) তে বর্ণিত বীমা ব্যয় নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে আমদানিকৃত পণ্যের এফ ও বি মূল্যের ১(এক) শতাংশ উক্ত বীমা ব্যয় বলিয়া নির্ধারিত হইবে :

আরও শর্ত থাকে যে, বিমানযোগে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে বোর্ড কর্তৃক পণ্য আমদানি বাবদ নির্ধারিত হারে বিমানভাড়া প্রযোজ্য হইবে।

(৩) এই বিধির অধীন প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের সহিত কোন কিছু যোগ করিতে হইলে তাহা *[বস্তুনিষ্ঠ] এবং পরিমাপযোগ্য উপাত্তের ভিত্তিতে করিতে হইবে।

(৪) এই বিধিতে যেরূপ বর্ণিত রহিয়াছে সেইরূপ ব্যতিত প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের সহিত অন্য কোন কিছু যোগ করিয়া আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা যাইবে না।

১১। **আমদানিকারকের ঘোষণা।**–(১) আমদানিকারক অথবা তাহার মনোনীত প্রতিনিধিকে নিম্নবর্ণিত ঘোষনা ও তথ্য শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রদান করিতে হইবে, যথা ঃ-

(ক) এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্টে বর্ণিত ফরম অনুযায়ী আমদানিকৃত পণ্যের মূল্য সংক্রান্ত পূর্ণ বিবরণ সম্বলিত ঘোষণা; এবং

(খ) প্রস্তুতকারক বা উৎপাদনকারী ব্যতীত কোন তৃতীয় ব্যক্তির নিকট হইতে পণ্য আমদানি করা হইলে উক্ত পণ্যের প্রস্তুতকারী বা উৎপাদনকারীর নিকট হইতে সংগৃহীত ইনভয়েসসহ অন্য যে কোন বিবৃতি, তথ্য অথবা দলিল যাহা এই বিধিমালার অধীন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের জন্য আবশ্যক বলিয়া সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা বিবেচনা করিবেন।

**[**১১ক। আমদানীকারকের অধিকার।-** আমদানীকারক কর্তৃক লিখিত অনুরোধের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার এর নিম্নে নহেন এমন শুল্ক কর্মকর্তার নিকট হইতে আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্য কিভাবে নির্ধারণ করা হইয়াছে উহার লিখিত ব্যাখ্যা পাইবার অধিকার আমদানিকারকের থাকিবে।”;]

*[**১২। শুল্ক কর্তৃপক্ষের অধিকার।-** এই বিধিমালার অধীন কোন পণ্যের শুল্ক মূল্যায়নের উদ্দেশ্যে শুল্ক মূল্যায়নকারী যথাযথ শুল্ক কর্মকর্তার নিকট সংশ্লিষ্ট আমদানীকারক বা তাহার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক উপস্থাপিত কোন বিবৃতি, দলিলপত্র বা ঘোষণার নির্ভুলতা বা যথার্থতা সম্পর্কে উক্ত কর্মকর্তার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে সন্দেহ করার বা প্রশ্ন করার অধিকারকে ক্ষুন্ন করিবে না।”]

১৩। **আপীল।–** আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে আমদানিকারকের ঘোষিত মূল্য ব্যতীত এই বিধিমালায় বর্ণিত কোন পদ্ধতিতে ভিন্নতর মূল্য নির্ধারণ করা হইলে আমদানিকারককে সেই সম্পর্কে উক্ত মূল্য নির্ধারণের তারিখেই লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং কোন সংক্ষুব্ধ আমদানিকারক আইনের section 193 অথবা, ক্ষেত্রমত, section 196A এর অধীন উক্ত মূল্য নির্ধারণের বিরুদ্ধে আপীল দায়ের করিতে পারিবেন।

১৪। **সাময়িক শুল্কায়ন ও জামানত।–** আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে বিলম্ব হইলে এবং আমদানিকারক আইনের section 81 অনুসারে পণ্যের সাময়িক শুল্কায়ন (provisional assessment) পদ্ধতিতে পণ্য খালাসের আবেদন করিলে যথাযথ শুল্ক কর্মকর্তা উক্তরূপ সাময়িক শুল্কায়নের ভিত্তিতে আমদানিকারকের নিকট হইতে উপযুক্ত জামানত গ্রহণ পূর্বক পণ্য খালাসের আদেশ প্রদান করিতে পারিবেন।

১৫। **ব্যাখ্যামূলক টীকা।–** Agreement on Implementation of Article VII of the General Agreement on Tariffs and Trade 1994 এর Annex I এ প্রদত্ত Interpretative notes, প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে, এই বিধিমালার বিধানাবলী ব্যাখ্যার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## পরিশিষ্ট

### মূল্য ঘোষণা ফরম

### (বিধি ১১(১)(ক) দ্রষ্টব্য)

(বি:দ্র: ঃ এই মূল্য ঘোষণা ফরম যাত্রী ব্যাগেজ রুল -এ উল্লিখিত মূল্যমানের ব্যক্তিগত ব্যবহার্য্য পণ্য আমদানির ক্ষেত্রে, বাণিজ্যিক মূল্যহীন নমুনা অথবা যে সকল ক্ষেত্রে কোন পণ্যের জন্য সুনির্দিষ্ট হারে শুল্ক ধার্য আছে সেক্ষেত্রে প্রযোজ্য হইবে না)

---

১। ক্রেতার (আমদানিকারক) এর নাম ও ঠিকানা ঃ

২। বিক্রেতার (রপ্তানিকারক) এর নাম ও ঠিকানা ঃ

৩। পণ্যের বিস্তারিত বর্ণনা এবং এইচ এস কোড (মডেল, আর্ট নম্বর পার্ট নম্বর ইত্যাদি সহ) ঃ

৪। ইনভয়েস নং ও তারিখ ঃ

৫। ইনভয়েস মূল্য ঃ

৬। মূল্য পরিশোধের শর্তাবলী ঃ

৭। পরিশোধিত মুদ্রা ঃ

৮। মুদ্রা বিনিময় হার ঃ

৯। উৎপাদনকারী দেশের নাম ঃ

১০। আংশিক জাহাজীকরণের ক্ষেত্রে সম্পূর্ণ চালানের জাহাজীকরণের বিস্তারিত বিবরণ ঃ

১১। জাহাজীকরণের বন্দর ঃ

১২। এয়ার ওয়ে বিল/বি,এল/টি,আর/আর,আর/পোস্টাল রিসিট নং ও তারিখ ঃ

১৩। আই,জি,এম/মেনিফেস্ট নং ও তারিখ ঃ

১৪। চুক্তি নং ও তারিখ (যদি থাকে) ঃ

১৫। লেনদেনের ধরণ (বিক্রয়, বন্ডের চালান, ভাড়া, উপহার, নমুনা ইত্যাদি) ঃ

১৬। পণ্য সরবরাহের শর্তাবলী (যদি থাকে) ঃ

১৭। ক্রেতা এবং বিক্রেতার মধ্যে সম্পর্ক {বিধি ২(ঘ) দ্রষ্টব্য} ঃ

১৮। যদি ক্রেতা ও বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত হন তাহা হইলে ঘোষিত মূল্যের ভিত্তি {বিধি ৪(১) দ্রষ্টব্য}ঃ

১৯। বিক্রয়ের ক্ষেত্রে আরোপিত শর্ত বা বাধা সমূহ {বিধি ৪-৮ দ্রষ্টব্য}ঃ

২০। প্রযোজ্য মূল্যায়ন পদ্ধতি ঃ

২১। যে সকল ব্যয় ও সেবার মূল্য ইনভয়েস মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই *"{বিধি ১০ দ্রষ্টব্য}"ঃ

(ক) দালালী এবং কমিশন ঃ

(খ) কন্টেইনারের খরচ ঃ

(গ) প্যাকিং খরচ ঃ

(ঘ) ক্রেতা কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সেবার খরচ ঃ

(ঙ) রয়্যালটি ও লাইসেন্স ফি ঃ

(চ) বিক্রেতার নিকট প্রেরিতব্য বিক্রয়মূল্য (চৎড়পববফং) ঃ

(ছ) পরিবহন ব্যয় ঃ

(জ) বীমা ব্যয় ঃ

(ঝ) বোঝাইকরণ, খালাস, উঠানামা, হ্যান্ডলিং খরচ ঃ

(ঞ) অবতরণ ব্যয় ঃ

(ট) অন্যান্য ব্যয় (যদি থাকে) ঃ

২২। শুল্কায়ন মূল্য (টাকায়) ঃ

২৩। *সমজাতীয় বা সমশ্রেণীর পণ্যের পূর্ববর্তী আমদানি (যদি থাকে) ঃ

(ক) বিল অব এন্ট্রি, নং এবং তারিখ ঃ

(খ) আই,জি,এম/মেনিফেস্ট নং ও তারিখ ঃ

২৪। অন্যান্য বিষয় সম্পর্কিত তথ্য ঃ

(প্রয়োজনবোধে অতিরিক্ত পৃষ্ঠা সংযোগ করা যাইবে)

## ঘোষণা

১. আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্য সর্বতোভাবে সত্য, সম্পূর্ণ ও সঠিক।

২. আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, মূল্যায়নের সাথে সম্পর্কিত এমন কোন তথ্য যদি পরবর্তীতে আমার/আমাদের গোচরে আসে তাহা হইলে উহা যথাযথ কর্মকর্তার গোচরে আনা হইবে।

স্থান ঃ

তারিখ ঃ

ক্রেতা (আমদানিকারক) অথবা
তাহার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর

## শুল্ক ভবন (Customs House)/ ষ্টেশনের ব্যবহারের জন্য

১। বিল অব এন্ট্রি নং ও তারিখ ঃ

২। প্রযুক্ত মূল্যায়ন পদ্ধতি *[(বিধি ৪-৯ দ্রষ্টব্য)]ঃ

৩। ঘোষিত মূল্য গ্রহণ করা না হইয়া থাকিলে উহার সংক্ষিপ্ত কারণ ঃ

৪। *[সমজাতীয় বা সমশ্রেণীর] পণ্যের (যাহা প্রযোজ্য) ক্ষেত্রে পূর্বেকার সিদ্ধান্ত/রুলিং এর সূত্র, নম্বর ও তারিখ ঃ

৫। শুল্কায়িত মূল্য ঃ

শুল্কায়ন কর্মকর্তা

অনুমোদনকারী কর্মকর্তা

স্বাক্ষরিত/-

( আব্দুল মুয়ীদ চৌধুরী )
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

* এস.আর.ও-১৩৯-আইন/২০০২/১৯৫৮/শুল্ক- তারিখ ৬/৬/২০০২ ইং তারিখ দ্বারা সংশোধিত।